



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION



## Study Material – 1

Subject: Bengali

শ্রেণী পঞ্চম

Date: 04-May-20

পাঠ - রাজ্য লাভের উৎসবে - কৃত্তিবাস ওঝা

### কবি পরিচিতি:

বাল্মিকী মুনির লেখা রামায়ণের বাংলায় অনুবাদ করেছিলেন যিনি, তিনি কৃত্তিবাস ওঝা। তার অনূদিত গ্রন্থটির নাম শ্রীরাম পাঁচালী। তাঁর আত্মপরিচয় থেকে জানা যায়, তার পূর্বপুরুষ নরসিংহ ছিলেন পূর্ব বঙ্গের রাজা বেদানুজের সভাসদ। সেখানে বিপর্যয় হলে তারা পশ্চিমবঙ্গে এসে গঙ্গার তীরে নদীয়া জেলার ফুলিয়া গ্রামে বসবাস শুরু করেন। তার পিতার নাম বনমালী এবং মাতার নাম মালিনী। তার জন্মকাল এবং কাব্য রচনা কাল সম্পর্কে স্পষ্ট ধারণা না থাকলেও জানা যায়, তিনি মাঘ মাসের পঞ্চমী তিথিতে জন্মগ্রহণ করেছিলেন। গৌড়েশ্বর এর রাজার পৃষ্ঠপোষকতায় তিনি শ্রীরাম পাঁচালী রচনা করেন। যেটি কৃত্তিবাসী রামায়ণ নামে পরিচিত।

### কবিতার সারসংক্ষেপ:

অযোধ্যার রাজা দশরথ তাঁর জ্যেষ্ঠপুত্র রামচন্দ্র কে রাজা করার সময় অযোধ্যা বাসী যেভাবে আনন্দে মুখরিত হয়েছিল সেই কথাই বর্ণিত হয়েছে কৃত্তিবাস ওঝার লেখা 'রাজ্য লাভের উৎসবে' কবিতায়। সেই উৎসব উপলক্ষে রথ রথী ঘোড়ার সেজে উঠেছে এবং বিভিন্ন রকম ভাবে বাজনা বাজিয়ে জয়ধ্বনি দিচ্ছে সকল মুনি-ঋষিরা। সেখানে জয়ধ্বনির সঙ্গে উলুধ্বনি শুনতে পাওয়া যাচ্ছে এবং সকলে সকলকে কোলাকুলি করছে মহা আনন্দে। দুঃখী লোক বা ধনী লোক কারো সাথে কারো কোনো বাদ বিচার নেই। শিশুরা এবং নারীরাও এই আনন্দে মুখরিত হয়েছে। চারিদিক ফুলের গন্ধে সুশোভিত হয়ে উঠেছে এবং সকল ঘরে আনন্দ আয়োজন দেখতে পাওয়া যাচ্ছে। এই অযোধ্যা আসলেই স্বর্গ পুরীর মত সুন্দর। সেই কারণেই সকলে রামচন্দ্রের রাজ্য লাভের জন্য নাচ-গানের মধ্য দিয়ে তাদের আনন্দ প্রকাশ করছে। সকলেই মনে করেছেন রঘুপতি অর্থাৎ রামচন্দ্র যেহেতু এখন রাজা হলেন সেই কারণে অযোধ্যা বাসির মধ্যে থেকে সকল দুঃখ দূর হয়ে যাবে। কারোর মধ্যে কোন দুঃখ-দুর্দশা যন্ত্রনা থাকবে না। আনন্দিত হৃদয়ে সকলেই তা প্রকাশ করছে।

### শব্দার্থ:

রথী: যোদ্ধা

জয়ান্বিত: জয়যুক্ত

মহিপতি :রাজা

সুশোভিত: সুন্দরভাবে সাজানো

রেশ: দুঃখ

হুলাহুলি: উলুর ধ্বনি

হরিষ :আনন্দ

নিস্তার :মুক্তি

অন্তরে: মনে

## সংক্ষিপ্ত প্রশ্নাবলী:

১/রাজ্য লাভের উৎসবে 'কবিতাটি কে লিখেছেন ?

উঃ রাজ্য লাভের উৎসবে 'কবিতাটি লিখেছেন কৃষ্ণিবাস ওঝা।

২/কোন কাব্যগ্রন্থ থেকে কবিতাটি নেওয়া হয়েছে?

উঃ শ্রীরাম পাঁচালী থেকে কবিতাটি নেওয়া হয়েছে।

৩/মুনিরা কি করছিল?

উঃ মুনিরা সব জয়ধ্বনি করছিল

৪/শিশু এবং নারী কোন গন্ধে সুশোভিত হয়েছিল?

উঃ শিশু এবং নারীরা পুষ্পগন্ধ দ্বারা সুশোভিত হয়েছিল।

৫/আমোদপ্রমোদ কোথায় হচ্ছিল?

উঃ আমোদ প্রমোদ সব ঘরে ঘরে হচ্ছিল।

৬/সবাই কি ভাবছিল?

উঃ সবাই ভাবছিল রামচন্দ্র যেহেতু রাজা হয়েছে তাই তাদের দুঃখ দূর হবে।

৭/রঘুপতি কে? তিনি মহীপতি হলে কি হবে?

উঃ রঘুপতি হলো রামচন্দ্র।

তিনি মহীপতি হলে অযোধ্যা বাসির দুঃখ দূর হবে।

৮/রামচন্দ্র রাজা হওয়ার সকলে কি করছিল?

উঃ রামচন্দ্র রাজা হওয়ার কারণে সকল অযোধ্যাবাসী খুব আনন্দিত ছিল এবং ঘরে ঘরে তারা সেই উৎসব পালন করছিল।

**Teacher's Name: Antara Ghosh**